গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
www.rda.gov.bd

**বিষয়ঃ "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
সভার স্থান ঃ কনফারেন্স রুম, আইডব্লিউএম ভবন, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
তারিখ ঃ ০৭ জুন, ২০২২ খ্রিস্টাব্দ (মঙ্গলবার)
সময় ঃ সকাল ১১:৩০ ঘটিকা।

**সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

**(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী)**

১. জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, অতিরিক্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
২. জনাব মোঃ মোতাছিম বিল্লাহ, যুগ্মসচিব (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (পরিকল্পনা-৬), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. জনাব সেলিনা কাজী, উপসচিব, ইউরোপ-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৫. জনাব মাহমুদা আক্তার, উপসচিব, বাজেট-১২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. জনাব মোছাঃ জেসমুন নাহার, উপপ্রধান, পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন।
৭. জনাব মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার, উপপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৮. জনাব কানিজ ফাতেমা, সিনিয়র সহকারী প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৯. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা কমিশন।

**(সরাসরি অংশগ্রহণকারী)**

১. জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।
২. ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, প্রকল্প পরিচালক, এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, পউএ, বগুড়া।
৩. ড. মোহাম্মদ আব্দুল কাদের, উপ-পরিচালক ও ডেস্ক অফিসার, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।

## ২.০ উপস্থাপনা ও আলোচনা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় গত ২৫ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত পিআইসি'র ২য় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেনঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের আর্থিক অগ্রগতি সংক্রান্ত | প্রকল্পটির অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপিতে মোট ২,৩২২.০০ লক্ষ (জিওবি ৩৯৭.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,৯২৫.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পের অনুকূলে ৩১ মে, ২০২২ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ২,০৩৯.৩৬ লক্ষ (জিওবি ৩৯৭.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,৬৪২.৩৬ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ১,৮৪৮.০৩ লক্ষ (জিওবি ২০৫.৬৭ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,৬৪২.৩৬ লক্ষ) টাকা যা বরাদ্দের (৭৯.৫৯%) এবং বাস্তব অগ্রগতি ৮৯.০০%। | ▪ যথাসময়ে প্রকল্পের অর্থছাড়ের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে। |

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ২. | প্রকল্পের বাস্তব অগ্রগতি সংক্রান্ত | প্রকল্পের আওতায় ০১ টি বার্ষিক পরিকল্পনা সভা, ০২টি রিভিউ সভা, ০২টি পিআইসি ও ০২টি পিএসসি সভা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও ০১টি প্রারম্ভিক কর্মশালা এবং ০৬টি জেলায় (রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, জামালপুর ও শরীয়তপুর) প্রকল্প অবহিতকরণ বিষয়ক কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে। ০৬টি জেলার চর এলাকায় গো-খ্যাদ্যের চাহিদা পূরণে পাকচুন ঘাসের প্রদর্শনী স্থাপন, নেট হাউজের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদন প্রদর্শনী এবং চর উপযোগী ফসল (তরমুজ, বাদাম, মিষ্টি কুমড়া) উৎপাদন প্রদর্শনী স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও কৃষি বনায়নের মাধ্যমে চর এলাকার বসবাসরত মানুষের জীবনমান ও পরিবেশ উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা কাযর্ক্রম চলমান রয়েছে। প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করেন যে, আধুনিক পদ্ধতিতে থাক থাক ভাবে পিঁয়াজ রাখলে ভালো থাকে এবং অনেক দিন ধরে মজুত রাখা যায় এবং অধিক পরিমাণে লাভবান হওয়ার সুযোগ পাবেন চাষিরা। এই পিঁয়াজ রক্ষনাবেক্ষণ ও মাচা পদ্ধতি সম্পর্কে মাইকিং করে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার সাহেবের আলগা ইউনিয়নের বিভিন্ন গ্রামে পিঁয়াজের মাচা প্রস্তুতকারক জনাব মোঃ আইয়ুব আলী প্রচারণা চালাচ্ছেন। এছাড়াও গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুরের বিভিন্ন চরে বেড পদ্ধতিতে গ্রীষ্মকালীন মরিচ, ফুলকপি ও বেগুনের চারা উৎপাদন করে জমিতে রোপণের পাশাপাশি বিক্রি করে বেশ আয়ও করছেন চাষীরা বলে সভাকে জানান প্রকল্প পরিচালক। প্রকল্পের সার্বিক কার্যক্রমে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উপসচিব (বাজেট-১২) জনাব মাহমুদা আক্তার-সহ সভায় অংশগ্রহণকারী সকল সদস্য সন্তুষ্ট প্রকাশ করেন। | ▪ চর এলাকায় পিঁয়াজ দীর্ঘদিন মাচায় সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং চাষীদের মাচায় পিঁয়াজ সংরক্ষণে উদ্বুদ্ধকরণের জন্য প্রয়োজনে মাইকিং করে আরও প্রচারণ চালাতে হবে।<br><br>▪ ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চর এলাকায় সময়মত বালাইনাশক ব্যবহারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে, পাশাপাশি এ বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে। |
| ৩. | প্রশিক্ষণ সংক্রান্ত | ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০১টি ব্যাচে গাভী পালন ও গরু মোটাতাজাকরণ বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ; ০২টি ব্যাচে নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ; ০১টি ব্যাচে হস্তশিল্প ও সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়েছে। এছাড়াও ১ম ব্যাচে কৃত্রিম প্রজনন উদ্যোক্তা-টেকনিশিয়ান বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি চলমান রয়েছে। প্রকল্পের আওতায় গাইবান্ধা, রংপুর ও কুড়িগ্রাম জেলায় ০৩টি মাঠ দিবস বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীদের উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠাকরণের লক্ষ্যে প্রকল্প থেকে এ পর্যন্ত টাকা= ৪০.০০ (চল্লিশ লক্ষ) উদ্যোক্তা ঋণ হিসেবে বিতরণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হচ্ছে, যা চলমান রয়েছে। উল্লেখ্য যে, উপরেল্লিখিত প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ চর এলাকায় প্রকল্পের সহযোগিতায় গরু মোটাতাজাকরণ, নার্সারী ব্যবস্থাপনা এবং টেইলারিং ব্যবসা শুরু করেছে। প্রশিক্ষণ অগ্রগতির সার্বিক কার্যক্রমে পরিকল্পনা কমিশনের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের উপপ্রধান জনাব মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার-সহ সভায় অংশগ্রহণকারী সকল সদস্য সন্তুষ্ট প্রকাশ করেন। | ▪ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীদের উদ্যোক্তা হিসেবে সৃষ্টিকরণের লক্ষ্যে চাহিদা অনুযায়ী ঋণ বিতরণসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। |

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ৪. | পোর্টেবল স্টোরেজ নির্মাণ সংক্রান্ত | টিএপিপি অনুযায়ী ০৬টি পোর্টেবল স্টোরেজ নির্মাণের সংস্থান রয়েছে এবং সে অনুযায়ী গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ফুলছড়ি বাজারে ০১টি ও কাউন্সিল বাজারে ০১টি এবং জামালপুরের দেওয়ানগঞ্জের পোলাকান্দি ব্রীজের পশ্চিম পার্শ্বে ০১টি পোর্টেবল স্টোরেজ নির্মাণ কাজ চলমান রয়েছে। লালমনিরহাটে পোর্টেবল স্টোরেজ নির্মাণের জন্য স্থান নির্বাচন সম্পন্ন করা হয়েছে এছাড়াও রংপুর ও কুড়িগ্রামে স্থান নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। | |

৩.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৫/২২

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)।